তারিখ 18 FEB 2017
পৃষ্ঠা ৭ ... কলাম ৪

সংবাদ

# গোমস্তাপুরে ভিন্ন সেটে এসএসসি পরীক্ষা : স্মারকলিপি

**প্রতিনিধি, গোমস্তাপুর (চাঁপাইনবাবগঞ্জ)**

চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুরে চলতি এসএসসি পরীক্ষায় গণিত বিষয়ে একটি কেন্দ্রে ভিন্ন সেটে পরীক্ষা নেয়ার ঘটনায় খাতা সঠিক মূল্যায়নের দাবিতে ইউএনওকে স্মারকলিপি দিয়েছেন অভিভাবকরা। মহিলা অভিভাবকগণ বৃহস্পতিবার তার কার্যালয়ে উপস্থিত হয়ে প্রায় ৩ শতাধিক স্বাক্ষর সংবলিত একটি আবেদনপত্র প্রদান করে। এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা কেএম আলমগীর কবীর তাদের যৌক্তিক দাবিটি সংশ্লিষ্ট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পৌঁছে দেয়া হবে মর্মে তাদের আশ্বস্ত করেন। এ ব্যাপারে ইউএনও কেএম আলমগীর কবীর সাংবাদিকদের জানান, ঘটনার পরের দিনই তিনি বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করেছেন এবং খাতা মূল্যায়নে শিক্ষার্থীদের প্রতি সহানুভূতিশীল হওয়ার জন্য অনুরোধ করেছেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফেরদৌসী বেগমের ভুলে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত এসএসসি'র গণিত বিষয়ের পরীক্ষায় রহনপুর এবি সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটে পরীক্ষা নেয়া হয়। সেদিন ও কেন্দ্রে ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ৭৯২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।